



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপত্র (২য় খন্ড)/২০১১/৬৯

তারিখঃ ০৯/০২/২০১৬ইং

প্রেস বিজ্ঞপ্তি

৫৬৬ তম কমিশন সভা অদ্য ০৯/০২/২০১৬ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. কমিশন, GPH Ispat Limited এর রাইট শেয়ার (৩ R : ২ অর্থাৎ বিদ্যমান ২টি শেয়ারের বিপরীতে ৩টি রাইট শেয়ার) অনুমোদন করেছে। এই রাইট শেয়ারের মাধ্যমে GPH Ispat Limited -কে কমিশন, ১৮,৭১,১০,০০০টি সাধারণ শেয়ার প্রতিটি ১৪ টাকা মূল্যে (প্রতি শেয়ার টা: ৪/- প্রিমিয়ামসহ) বাজার থেকে পুঁজি উত্তোলনের অনুমতি প্রদান করেছে। এর মাধ্যমে কোম্পানিটি ২৬১,৯৫,৪০,০০০/- টাকা পুঁজিবাজার থেকে উত্তোলন করে ব্যবসা সম্প্রসারণের মাধ্যমে উৎপাদন বৃদ্ধি করবে। রাইট শেয়ার ডকুমেন্ট অনুযায়ী কোম্পানিটির শেয়ার প্রতি NAV টাঃ ১৫.৯৯ এবং মে ০১, ২০১৪ - জানুয়ারী ৩১, ২০১৫ (নয় মাস) সময়কালে কোম্পানিটির শেয়ার প্রতি আয় টা: ১.৯৪। এই রাইট ইস্যুর জন্য ইস্যু ম্যানেজার হিসেবে Banco Finance and Investment Limited এবং LankaBangla Investments Limited কাজ করছে।
২. Jago Corporation Ltd. (Issuer) এর ডিসেম্বর ৩১, ২০১৪ বৎসরের সমাপ্ত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতা Securities and Exchange Rules, 1987 এর Rule 12 এর লঙ্গন। অনুরূপভাবে মার্চ ৩১, ২০১৫ সময়ে সমাপ্ত ১ম প্রান্তিকের আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতা কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2008-183/Admin/03-31, dated September 27, 2009 এর লঙ্গন। উল্লিখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, Jago Corporation Ltd. এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে (স্বতন্ত্র পরিচালক ব্যতিত) ২ (দুই) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
৩. M. Hossain Garments Washing & Dyeing Ltd. (Issuer) এর জুন ৩০, ২০১৪ বৎসরের সমাপ্ত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতা Securities and Exchange Rules, 1987 এর Rule 12 এর লঙ্গন। অনুরূপভাবে সেপ্টেম্বর ৩০, ২০১৪ সময়ে সমাপ্ত ১ম প্রান্তিকের আর্থিক প্রতিবেদন, ডিসেম্বর ৩১, ২০১৪ সময়ে সমাপ্ত অর্ধ বার্ষিক আর্থিক প্রতিবেদন, এবং মার্চ ৩১, ২০১৫ সময়ে সমাপ্ত ৩য় প্রান্তিকের আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার জন্য Securities and Exchange Rules, 1987 এর Rule 13 এবং কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2008-183/Admin/03-31, dated September 27, 2009 এর লঙ্গন। উল্লিখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, M. Hossain Garments Washing & Dyeing Ltd. এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে (স্বতন্ত্র পরিচালক ব্যতিত) ২ (দুই) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
৪. Khaza Mosaic Tiles and Stone Industries Limited (Issuer) এর জুন ৩০, ২০১৪ বৎসরের সমাপ্ত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতা Securities and Exchange Rules, 1987 এর Rule 12 এর লঙ্গন। অনুরূপভাবে সেপ্টেম্বর ৩০, ২০১৪ সময়ে সমাপ্ত ১ম প্রান্তিকের আর্থিক প্রতিবেদন, ডিসেম্বর ৩১, ২০১৪ সময়ে সমাপ্ত অর্ধ বার্ষিক আর্থিক প্রতিবেদন, এবং মার্চ ৩১, ২০১৫ সময়ে সমাপ্ত ৩য় প্রান্তিকের আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার জন্য Securities and Exchange Rules, 1987 এর Rule 13 এবং কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2008-183/Admin/03-31, dated September 27, 2009 এর লঙ্গন। উল্লিখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, Khaza Mosaic Tiles and Stone Industries Limited এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে (স্বতন্ত্র পরিচালক ব্যতিত) ২ (দুই) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।


পাতা- ১/২



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

৫. Saleh Carpet Mills Limited (Issuer) এর ডিসেম্বর ৩১, ২০১৪ বৎসরের সমাপ্ত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতা Securities and Exchange Rules, 1987 এর Rule 12 এর লঙ্গন। অনুরূপভাবে মার্চ ৩১, ২০১৫ সময়ে সমাপ্ত ১ম প্রান্তিকের আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতা কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2008-183/Admin/03-31, dated September 27, 2009 এর লঙ্গন। উল্লেখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, Saleh Carpet Mills Limited এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে (স্বতন্ত্র পরিচালক ব্যতীত) ১ (এক) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
৬. Phoenix Insurance Co. Ltd (Issuer) তাদের সেপ্টেম্বর ৩০, ২০১২ তারিখে সমাপ্ত তৃতীয় প্রান্তিকের অনির্দিষ্ট আর্থিক বিবরণীতে অসত্য তথ্য উপস্থাপন করে। ফলে উক্ত সময়ে কোম্পানীর মুনাফা ও শেয়ার প্রতি আয় (EPS) অতিমূল্যায়িত (overstated) হয়েছে। কোম্পানীর উক্ত প্রান্তিকের আর্থিক বিবরণীতে সঠিক ও যথাযথ চিত্র উপস্থাপিত না করার মাধ্যমে Phoenix Insurance Co. Ltd, Securities and Exchange Ordinance, 1969 এর Section 18 এর লঙ্গন করেছে। উল্লেখিত সিকিউরিটিজ আইন ভঙ্গের জন্য কমিশন, Phoenix Insurance Co. Ltd এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে (স্বতন্ত্র পরিচালক ব্যতীত) ২ (দুই) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।


02/02/2013

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক
ও
মুখপাত্র।